

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৭.০১.২০৫.২০১৮-৭৭৭(৪)

তারিখ

০৭ শ্রাবণ, ১৪২৫।
০২ আশ্বিন ২০১৮।

বিষয় : রীট পিটিশন নং ৮৫৬৫/২০১৮ এর দফাওয়ারী ইংরেজী জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ মোস্তফা উদ্দিন গং, সহকারী শিক্ষক (ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক), দক্ষিণ চক্রবানী-জিডুখাই সরকারী প্রাথমিক বিদ্যালয় (সদ্য জাতীয়করণকৃত), উপজেলা-বিয়ানীবাজার, জেলা- সিলেট নিজ নিজ বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে যোগদান করে তাঁদের দায়িত্ব পালন করে আসছেন মর্মে দাবী করেছেন। কিন্তু জাতীয়করণের সময় তাঁদের পদবী স্ব স্ব বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পরিবর্তে সহকারী শিক্ষক হিসেবে গেজেটভুক্ত করা হয়। ফলে তাঁরা সংক্ষুব্ধ হয়ে এবং স্ব স্ব বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদের দাবীতে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ৮৫৬৫/২০১৮ দায়ের করেন। গত ০২.০৭.২০১৮ তারিখে মহামান্য আদালত নিম্নরূপ আদেশ প্রদান করেনঃ

Subject to the disposal of the rule, the parties are directed to maintain status-quo in respect of position of the petitioners as the Headmaster of their respective nationalized government Primary Schools for a period of 06(six) months from date.

২। উল্লেখ্য যে, উক্ত রীটের বিরুদ্ধে সরকার পক্ষে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত রীট পিটিশন সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি প্রয়োজন, যা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইনকোষে সংরক্ষিত নেই।

৩। বর্ণিত অবস্থায় রীট পিটিশন নং ৮৫৬৫/২০১৮ এর প্রেক্ষিতে নিম্নোক্ত তথ্য/রেকর্ড সমূহ আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অধিদপ্তরের আইন শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

- (১) রীট পিটিশন নং ৮৫৬৫/২০১৮ এর বিষয়ে তার গৃহীত কার্যক্রমের বিবরণ, দুই প্রস্থ।
- (২) রীট পিটিশনের দফাওয়ারী ইংরেজী জবাব (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ), দুই প্রস্থ।
- (৩) প্রেরিত ওকালত নামায় স্বাক্ষর প্রদান (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ)।
- (৪) প্রেরিত ক্ষমতাপর্শনে স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৫) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, দুই প্রস্থ।
- (৬) প্রতিটি রেকর্ড স্পষ্ট হওয়া প্রয়োজন।

৪। এ বিষয়ে আর কোন তাগিদপত্র দেয়া হবে না। কোন প্রকার অনিয়ম বা অবহেলাজনিত কারনে সরকারের ক্ষতি হলে এর দায়-দায়িত্ব তাঁর উপর বর্তাবে এবং বিষয়টি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে অবহিত করে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

- সংযুক্তি, ১। রুলের কপি ০১(এক) খানা।
২। ওকালতনামা ০২(দুই) খানা।
৩। ক্ষমতাপর্শপত্র ০২(দুই) খানা।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।
সিলেট/সুনামগঞ্জ/টাঙ্গাইল/নওগাঁ।

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৭.০১.২০৫.২০১৮-৭৭৭(৪)/৬

তারিখ

০৭ শ্রাবণ, ১৪২৫।
০২ আশ্বিন ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট/ঢাকা/রাজশাহী বিভাগ, সিলেট/ঢাকা/রাজশাহী। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ২। অফিস নথি।

Risam
30.07.2018
(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)
সহঃ পরিচালক (আইন)